

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫১৬

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

বিগত ৩টি অর্থবছরে বহিরাজ্য ও বিদেশে

৬,৫২৮ মেট্রিক টন আনারস রপ্তানি হয়েছে : কৃষিমন্ত্রী

ত্রিপুরায় উৎপাদিত সুস্বাদু কুঠিন আনারস দেশের দিল্লি, আসাম, কর্ণাটক, পশ্চিমবঙ্গ, উড়িষ্যা ও রাজস্থান রাজ্যে এবং দেশের বাইরে দুবাই, ইংল্যান্ড, জার্মানি, বাংলাদেশ প্রভৃতি দেশে রপ্তানি করা হয়। আজ বিধানসভার প্রশ্নোত্তর পর্বে বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা, বিধায়ক জিতেন্দ্র চৌধুরী, বিধায়ক নির্মল বিশ্বাসের প্রশ্নের লিখিত উত্তরে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রত্নলাল নাথ এই তথ্য জানান। বিগত তিনটি অর্থবছরে রাজ্যে আনারস চাষের ও উৎপাদনের তথ্য দিয়ে কৃষিমন্ত্রী জানান, ২০২০-২১ অর্থবছরে রাজ্যে মোট ১ লক্ষ ৪৪ হাজার ৬০৫ মেট্রিক টন আনারস, ২০২১-২২ অর্থবছরে ১ লক্ষ ৬৭ হাজার ৭৪৩ মেট্রিক টন এবং ২০২২-২৩ অর্থবছরে ১ লক্ষ ৭০ হাজার ৯৮৮ মেট্রিক টন (আনুমানিক) আনারস উৎপাদন হয়েছে। ২০২০-২১ অর্থবছরে রাজ্যে ৫,০৬৩ জন আনারস চাষি, ২০২১-২২ অর্থবছরে ৫,৬১৭ জন আনারস চাষি ২০২২-২৩ অর্থবছরে ৬,৬৬৬ জন আনারস চাষি আনারস চাষের সঙ্গে যুক্ত রয়েছেন। কৃষিমন্ত্রী আরও জানান, বিগত ৩টি অর্থবছরে বিভিন্ন এজেন্সির মাধ্যমে মোট ৬,৫২৮ মেট্রিক টন আনারস বহিরাজ্য ও বিদেশে রপ্তানি করা হয়। তিনি জানান, দেশের অন্যান্য রাজ্য ও বিদেশে প্রায় ৯ কোটি ৭৯ লক্ষ ৭০ হাজার টাকার আনারস রপ্তানি করা হয়েছে।
